

AD (ATM)
(EADS)
17/10/21

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

www.caab.gov.bd

সদস্য (এটিএম) এর দপ্তর



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০০২.২১.৩২২

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮

০৬ মে ২০২১

বিষয়: ভবন/স্থাপনা নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসংগে।

সূত্র: (ক) নং-২৫.৩৯.০০০০.০৯৯.৯৯.০৯১.১৯.৫৫, তারিখঃ ২৫/০২/২০২১ খ্রিঃ।

(খ) নং- ২৩.০৮.০০০০.০০৮.২৩.০০১.১৭.৯১, তারিখ- ০২/০২/২০২১ খ্রিঃ।

০১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	স্থাপনা/ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
(ক)	সার্ভে অব বাংলাদেশ কর্তৃক নির্ণয়কৃত প্লটের ভৌগলিক স্থানাংক: ২৩ডিগ্রী ৫২মিনিট ০৭.১২০সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৩মিনিট ০৩.২৫৫সেকেন্ড পূর্ব এলিভেশন ৫.৬৫মিটার (১৮.৫৩ফুট) এবং প্লটের সম্মুখ রাস্তার ভৌগলিক স্থানাংক: ২৩ডিগ্রী ৫২মিনিট ০৭.৩৪৩সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৩মিনিট ০৩.১৮৫সেকেন্ড পূর্ব এলিভেশন ৫.৩১মিটার (১৭.৪২ফুট), প্লট নং-১০৫ ও ১০৭, রোড নং-১৯, সেক্টর নং-১৪, উত্তরা আবাসিক এলাকা, ঢাকা	৩৭(সাতত্রিশ) ফুট

০২। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি ধরে এবং উল্লেখিত প্লটের এলিভেশন ২৭ ফুট ধরে নিয়ে এই উচ্চতা ৩৭(সাতত্রিশ) ফুটের অনুমোদন দেওয়া হয়। সূত্র 'খ' এর আলোকে বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্লটের এলিভেশন ১৮.৬৩ (আঠারো দশমিক পাঁচ তিন)ফুট হিসেবে প্রত্যয়ন প্রদান করা হয়। সেই প্রেক্ষিতে অনুমোদিত উচ্চতার সহিত ৮.৪৭(আট দশমিক চার সাত)ফুট যোগ করে প্রস্তাবিত স্থাপনা/ভবন নির্মাণ করার অনুমতি দেওয়া যেতে পারে।

০৩। স্থাপনা/ভবন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবে:

(ক) স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(খ) নির্মাণ কাজের জন্য ফ্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।

(গ) স্থাপনা/ভবনের চুড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।

০৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।

০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।



৬-৫-২০২১

মোঃ মাসুদ রানা

উপ-পরিচালক (এটিএস)

চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ,
রাজউক ভবন, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ অথরাইজড অফিসার, অথরাইজড অফিসার-১ (জোন-২), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, উত্তরা, ঢাকা।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০০২.২১.৩২২/১(৩)

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮

০৬ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ২) পরিচালক, জোনাল অফিস (জোন-২), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, উত্তরা, ঢাকা।
- ৩) জনাব সৈয়দা জিনিয়া জাফরীন, বাড়ী নং-১০৫ ও ১০৭, রোড নং-১৯, সেক্টর নং-১৯, উত্তরা আ/এ, ঢাকা-১২৩০।



৬-৫-২০২১

মোঃ মাসুদ রানা

উপ-পরিচালক (এটিএস)